



তরুণ উদ্যোক্তাদের উৎসাহিত করতে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে গতকাল অনুষ্ঠিত হয় মার্কেটিং সামুরাই প্রতিযোগিতা। এতে চ্যাম্পিয়ন ও ১ম রানার আপসহ দুটিতেই জয়লাভ করে আইবিএ ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিম 'রিকগনাইজ' এবং 'হ্যাসট্যাগ', এবং ২য় রানার আপ হয় নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের টিম 'ক্লিন স্টেট'। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিজনেস ক্লাবের উদ্যোগে ইউনিভার্সিটির নিজস্ব অডিটোরিয়ামে মার্কেটিং সামুরাই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. এম রিজওয়ান খান।